



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন ইউনিট-১, সদর দপ্তর



নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৭০.০০৩.১৮.২১২৪

তারিখ: ২ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ে কর্মরত সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ মিনহাজুর রহমান-এর পুত্রের জটিল রোগের চিকিৎসা বাবদ আর্থিক অনুদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ মিনহাজুর রহমানের পুত্র আদিয়াত রহমান বিরল স্পাইনাল মাস্কিউলার এট্রফি (এসএমএ) রোগে আক্রান্ত হয়েছেন। দেশের সেরা নিউরোলজি বিশেষজ্ঞ চিকিৎসকের মতে এ রোগে আক্রান্ত শিশুরা যথাসময়ে যথাযথ চিকিৎসা না পেলে এক থেকে দুই বছরের মধ্যে মৃত্যুবরণ করেন, যা অত্যন্ত দুর্ভাগ্যজনক। বর্ণিত রোগটি নিরাময়ের জন্য সুইজারল্যান্ডের নোভারটিস ফার্মাসিউটিক্যালসের Zolgensma নামক ১টি জিনথেরাপি ইনজেকশন কার্যকর চিকিৎসা। উল্লিখিত জিনথেরাপি ইনজেকশনের মূল্য প্রায় ১০ কোটি টাকা, যা একজন সরকারি কর্মকর্তার পক্ষে সংগ্রহ করা আদৌ সম্ভব নয়। বিধায় তার চিকিৎসা চালিয়ে যাওয়ার ব্যয় নির্বাহের কথা বিবেচনা করে আর্থিক সাহায্য প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে বিভিন্ন দানশীল ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়েছে।

২.০ এমতাবস্থায়, বর্ণিত কর্মকর্তার পুত্রের চিকিৎসার জন্য কর্তৃপক্ষের ঢাকাস্থ সকল কর্মকর্তা/কর্মচারীর সামর্থ্য অনুযায়ী আর্থিক সাহায্য সদর দপ্তর, প্রশাসন বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-০৮-২০২৩

মোঃ নিজাম উদ্দিন

সহকারী পরিচালক (মানব সম্পদ উন্নয়ন)

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।;
- ২। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৩। নির্বাহী পরিচালক (হশাআবি), নির্বাহী পরিচালক (হশাআবি) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৪। নির্বাহী পরিচালক(সেমসু), নির্বাহী পরিচালক (সেমসু) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৫। পরিচালক (সকল), বেবিচক;
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বেবিচক;
- ৭। উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), প্রশাসন নিরাপত্তা ইউনিট, সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৮। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং
- ৯। নির্বাহী প্রকৌশলী (সকল), বেবিচক।



